

NID থাকা সাপেক্ষে MRP পাসপোর্ট সংশোধনের নিয়মাবলীঃ

পাসপোর্ট অধিদপ্তরের সর্বশেষ অর্থাৎ ১৩.১২.২০২২ তারিখের সার্কুলার অনুযায়ী প্রাপ্তবয়স্ক (১৮ বছরের উর্ধে) যে কারো পাসপোর্ট সংশোধনের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/ NID র তথ্য অনুযায়ী সংশোধন করা যাবে। এক্ষেত্রে NID তে যে তথ্য আছে অর্থাৎ নাম, পিতা, মাতার নাম, বয়স ইত্যাদি তথ্য পাসপোর্টে সন্নিবেশ করার জন্য পাসপোর্ট সংশোধনের আবেদন করা যাবে। সংশোধনের আবেদনের সাথে NID র পরিচ্ছন্ন ফটোকপি, বাংলাদেশ থেকে মোবাইল নম্বরের মাধ্যমে প্রাপ্ত NID ভেরিফিকেশনের কপি এবং একটি অংগীকারনামা দিতে হবে। অংগীকারনামার কপি দূতাবাসের ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৮ উর্ধ যে কারোর জন্য NID ব্যতীত বর্তমানে তথ্য সংশোধনের সুযোগ নেই।

যারা ইতিপূর্বে তথ্য সংশোধনের আবেদন করেছেন কিন্তু NID ফটোকপি, NID ভেরিফিকেশনের কপি এবং অংগীকারনামা দেন নাই, তাদের অতিসত্ত্বর উক্ত ডকুমেন্ট দূতাবাসের কনসুলার ইমেইল bdembm01@gmail.com প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ইমেইলে অবশ্যই আবেদনের ESP নম্বর উল্লেখ করতে হবে।

বাংলাদেশি MRP পাসপোর্টে স্ত্রীর নাম অন্তর্ভুক্তকরণের নিয়মাবলীঃ

MRP পাসপোর্টে যাদের স্ত্রীর নাম নেই তাদের স্ত্রীর নাম অন্তর্ভুক্তকরণের জন্য বাংলাদেশে কাজী অফিস থেকে ম্যারিজ সার্টিফিকেট (ইংরেজী) এবং ডিভোর্স সার্টিফিকেট (আগে ডিভোর্স হয়ে থাকলে) উত্তোলন করে আইন মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের সত্যায়ন করতে হবে। অতঃপর সত্যায়িত ডকুমেন্টগুলোর স্ক্যান কপি দূতাবাসের কনসুলার ইমেইল bdembm01@gmail.com এ ভেরিফাই করার জন্য প্রেরণ করতে হবে। ই-মেইল করার অন্তত ১ সপ্তাহ পর পাসপোর্টে স্ত্রীর নাম সংশোধনের জন্য যথাযথ ফি দিয়ে এবং স্ত্রীর পাসপোর্টের ফটোকপি, স্ত্রীর NID কপি (যদি থাকে) ইত্যাদি সহ পাসপোর্ট রিইস্যু আবেদন করতে হবে এবং উক্ত ডকুমেন্টগুলোর ফটোকপি আবেদনের সাথে দিয়ে দিতে হবে। *দূতাবাসে মূল ডকুমেন্ট প্রেরণ করার প্রয়োজন নেই।* স্ত্রীর পাসপোর্ট/ NID এবং ম্যারিজ সার্টিফিকেটে নামের বানান একই হতে হবে।